দৈনিক ইত্তেফাক

তারিখ 0 9 JAN 1993
পৃষ্ঠা ১/২ কলাম ৪

# পরীক্ষার অতিরিক্ত ফি আদায়ের বিরুদ্ধে শিক্ষা প্রতিমন্ত্রীর হুঁশিয়ারি

বরিশাল অফিস ।। শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস খান এস,এস,সি পরীক্ষার ফি'র নামে অতিরিক্ত অর্থ আদায়ের বিরুদ্ধে হুশিয়ারি উচ্চারণ করিয়াছেন। ইত্তেফাকের সহিত এক সাক্ষাৎকারে তিনি বলেন বোর্ড নির্ধারিত ফি ও শিক্ষা প্রতিষ্ঠানের বেতন এবং সেশন চার্জ ভিন্ন অন্যখাতে অর্থ আদায় সম্পূর্ণ বেআইনী। এই বেআইনী কাজ মন্ত্রণালয় সহ্য করিবেনা তিনি বলেন এই ব্যাপারে একটি নির্দেশ জরুরীভিত্তিতে ইস্যু শুরু হইতেছে। শিক্ষাবোর্ড অযৌক্তিকভাবে প্রতিবছর ফি বৃদ্ধি করিতেছে শিক্ষকদের এই অভিযোগের প্রেক্ষিতে প্রতিমন্ত্রী বলেন এই ব্যাপারও তদন্ত করা হইবে।